বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
হিসাব সমন্বয় বিভাগ।

ফোন ঃ ০২২২৩৩৮৩৯০৬
Emailঃ dgmrecon@krishibank.org.bd
মোবাইল ঃ ০১৭২৬৪৮৫৯৩০, ০১৭১২৪৭২২৫২
web: www.krishibank.org.bd

নং-প্রকা/সমন্বয়-৬১/২০২৩-২০২৪/৩১(১২৫০) তারিখঃ ৩১.০৭.২০২৩ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ একীভূত আন্তঃশাখা হিসাব খাতের (১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাব ও ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাব) অনিষ্পন্ন এন্ট্রি সমন্বয়পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ডিএমডি-২ পরিপত্র নং-০১/২০২৩ তারিখ ২০.০৬.২০২৩ ইং এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। উক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক ৩০.০৬.২০২৩ ইং তারিখের পর ১১৬ ও ১১৫ হিসাব খাতে কোন লেনদেন করা যাবে না এবং উক্ত খাতে স্থিতি শূণ্য থাকবে। শাখা সমূহকে ০১.০৭.২০২৩ ইং তারিখ পূর্ববর্তী সংঘটিত কোন এ্যাডভাইস সাড়া প্রদান করার জন্য বর্ণিত পরিপত্রে যথাযথ নির্দেশনা দেওয়া হয়েছিল। কিন্তু কতিপয় শাখা নির্দেশনা মোতাবেক পূর্ববর্তী এ্যাডভাইস সাড়া প্রদানের সাথে সাথেই সংশ্লিষ্ট হিসাব খাতকে রিভার্স না করায় উল্লেখিত হিসাব খাতদ্বয়ে এখনও স্থিতি বিদ্যমান আছে যা অনভিপ্রেত। স্থিতি বিদ্যমান আছে এরুপ শাখাকে ১১৬ ও ১১৫ খাতের স্থিতি যত দ্রুত সম্ভব শূণ্য করতে হবে। সেই সাথে ৩০.০৬.২০২৩ ইং ভিত্তিক তারিখে ১১৬ ও ১১৫ হিসাব খাতে কোন শাখার স্থিতি যদি চলমান হিসাব খাত ১১১৪ তে স্থানান্তর না হয়ে থাকে তবে সেসকল শাখা সমূহকে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগের সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট হিসাব খাতের স্থিতি শূণ্য করার পরামর্শ দেওয়া হলো।

০৩। ১১৬-বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাবের ০১.০৭.২০২৩ খ্রিঃ তারিখ পূর্ববর্তী অনিষ্পন্ন এন্ট্রিসমূহ বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক স্ব-স্ব শাখা/কার্যালয় হতে সংগ্রহ পূর্বক নিষ্পন্ন করতঃ হালনাগাদ প্রতিবেদন মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে হিসাব সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে (জুলাই/২০২৩ মাস হতে প্রেরিতব্য প্রতিবেদনের নমুনা সংযুক্ত)।

০৪। এছাড়া, ১১৬-বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাবের (সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের অধীন মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় হতে সংগ্রহকৃত) ৩০.০৬.২০২৩ ইং তারিখ ভিত্তিক অনিষ্পন্ন এন্ট্রির সংখ্যা ও পরিমাণ উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র প্রেরণের জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপককে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ও জরুরী।

সংযুক্তিঃ **বর্ণনামতে।**

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

৩১/০৭/২৩

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিংবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (**পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**)।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭. নথি।

৩১/০৭
২০২৩

(শাহরিয়ার মাহমুদ হাসান)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
.................।

বিষয়ঃ <u>১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাবের বিবরণী। মাসের নাম ...............।</u>

(কোটি টাকায়)

| ক্রঃ নং | অঞ্চলের নাম | অনিষ্পন্ন ৩০.০৬.২০২৩ ভিত্তিক | | নিষ্পন্ন প্রতিবেদনাধীন মাস ভিত্তিক | | অনিষ্পন্ন প্রতিবেদনাধীন মাস ভিত্তিক | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৩-৫) | ৮ (৪-৬) | ৯ |
| | | | | | | | | |
| | সর্বমোট | | | | | | | |

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/ সহকারী মহাব্যবস্থাপক

উপ-মহাব্যবস্থাপক (পরিচালন)

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
.................... ।

বিষয়ঃ ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের বিবরণী। মাসের নাম ................।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | শাখার নাম | অনিষ্পন্ন ৩০.০৬.২০২৩ ভিত্তিক | | নিষ্পন্ন প্রতিবেদনাধীন মাস ভিত্তিক | | অনিষ্পন্ন প্রতিবেদনাধীন মাস ভিত্তিক | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৩-৫) | ৮ (৪-৬) | ৯ |
| | | | | | | | | |
| | সর্বমোট | | | | | | | |

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/ সহকারী মহাব্যবস্থাপক

মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক